# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩২৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০) মসজিদের সাথে ঘনিষ্ট সম্পর্ক রাখা এবং তাতে বসে থাকার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في لزوم المساجد والجلوس فيها

## আরবী

( حسن لغيره) وَعَنْ عَبْدِ اللهِ بْنِ عَمْرٍو عَنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ : سِتَّةُ مجَالِسَ المؤمن ضامن على الله تعالى ما كان في شيء منها فِي مَسْجِدِ جَمَاعَةٍ و عِنْدَ مَرِيضٍ أَوْ في جِنَازَةً أَوْ فِي بَيْتِهِ أَوْ عِنْدَ إِمَامٍ مُقْسِطٍ يُعَزِّرُهُ ، وَيُوَقِّرُهُ أو في مشهد جهاد. رواه الطبراني في الكبير والبزار

## বাংলা

৩২৮. (হাসান লি গাইরিহী) আবদুল্লাহ বিন আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হতে বর্ণনা করেন। তিনি বলেনঃ ’’ছয়টি মজলিসের কোন একটিতে যদি কোন মুমিন থাকে তবে তার দায়িত্ব আল্লাহ তা’আলার উপর। সে মজলিস সমূহ হলঃ (১) জামাআতের মসজিদে, (২) অসুস্থ ব্যাক্তির মজলিসে, (৩) জানাযায়, (৪) নিজের বাড়ীতে[1], (৫) ন্যায়নিষ্ঠ শাসকের মজলিস, যে মজলিসে বসে তাকে শক্তিশালী করবে এবং সম্মান করবে, (৬) জিহাদের ক্ষেত্রে।

(হাদীছটি বর্ণনা করেছেন ত্বাবরানী [কাবীর] ১৪৬৫৫ গ্রন্থে এবং আরো বর্ণনা করেছেন বাযযার ৪৩৫)

## ফুটনোট

[1] . অর্থাৎ ফেতনা, অকল্যাণ ও খারাপ থেকে বেঁচে থাকার উদ্দেশ্যে নিজ বাড়ীতেই বসে থাকবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী । বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88099

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন